

Community Engagement/Awareness Messages: Shelter Relocation due to Risk of Landslides

Objectives:

The objectives of the awareness-raising community engagement messages are focused on addressing the urgent need for relocation due to the high risk of landslides. The primary aim is to enhance the community's understanding of the specific dangers posed by landslides and the critical factors that contribute to these risks.

ভূমিস্রের উচ্চ ঝুঁকির কারণে স্থানান্তরের (ঝুঁকিপূর্ণ স্থান থেকে নিরাপদ স্থানে) জরুরি প্রয়োজনীয়তা সম্পর্কে মানুষকে সচেতন করে তোলাই সচেতনতামূলক বার্তাগুলোর প্রধান উদ্দেশ্য। এই সচেতনতামূলক বার্তাগুলোর মূল উদ্দেশ্য হলো, ভূমিস্র কতটা বিপজ্জনক হতে পারে এবং কী কী কারণে এই ঝুঁকিগুলো বৃদ্ধি পায়, তা যেন মানুষ সহজে বুঝতে পারে।

Recognizing the importance of relocation for protecting lives and preventing injuries, the messages will emphasize that this is an essential measure, especially for those living in the most high-risk areas. To facilitate a smooth and informed relocation process, the community will be provided with comprehensive information about the available support, including transportation assistance and help with moving belongings. Engaging the community in discussions and encouraging their active participation in decision-making is a key objective. Initiatives like "Go and See Visits" will enable families to assess potential new locations and express their preferences, fostering a sense of ownership and trust in the relocation process. Building trust and addressing community concerns is a crucial aspect of these messages. Open communication channels will be established to ensure that any concerns or questions about the relocation are addressed and that the entire process remains voluntary and transparent. The messages will also underscore the continued availability of essential services in the new locations, such as food, water, healthcare, and sanitation. Additionally, information about mental health and psychosocial support (MHPSS) will be provided to help individuals and families adapt to their new environment.

জীবন রক্ষা ও দুর্ঘটনা এড়ানোর জন্য স্থানান্তর যে খুবই জরুরি, সেটি বোঝাতে বার্তাগুলোতে এই বিষয়ের ওপর গুরুত্ব দেওয়া হবে – বিশেষ করে যেসব পরিবার চরম ঝুঁকিপূর্ণ এলাকায় বসবাস করছে, তাদের জন্য এটি একটি গুরুত্বপূর্ণ সুরক্ষামূলক ব্যবস্থা। নির্দিষ্ট স্থানান্তর প্রক্রিয়া নিশ্চিত করতে, কমিউনিটিকে সকল ধরনের সহায়তাসমূহের যেমন পরিবহন এবং মালপত্র স্থানান্তরের সহায়তা সম্পর্কিত বিস্তারিত তথ্য প্রদান করা হবে। কমিউনিটিকে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় সক্রিয়ভাবে অংশগ্রহণে উৎসাহিত করা একটি প্রধান লক্ষ্য। "গো অ্যান্ড সি ভিজিটস"/"যাও এবং পরিদর্শন কর" অথবা নিজে পরিদর্শন করার মতো উদ্যোগগুলোর মাধ্যমে পরিবারগুলো নতুন স্থানের মূল্যায়ন করতে পারবে এবং তাদের পছন্দ জানাতে পারবে, যা স্থানান্তর প্রক্রিয়ার প্রতি তাদের আস্থা ও বিশ্বাসের অনুভূতি তৈরি করবে। বিশ্বাস তৈরি করা এবং কমিউনিটির উদ্বেগ সমাধান করা এই বার্তাগুলোর একটি গুরুত্বপূর্ণ উদ্দেশ্য। স্থানান্তর সম্পর্কিত যেকোনো শঙ্কা বা প্রশ্নের উত্তর দেওয়ার জন্য সহজ যোগাযোগের মাধ্যম তৈরি করা হবে, যাতে পুরো প্রক্রিয়াটি স্বচ্ছমূলক এবং স্বচ্ছ থাকে। এই বার্তাগুলোতে নতুন/স্থানান্তরিত স্থানে খাদ্য, পানি, স্বাস্থ্যসেবা এবং স্যানিটেশনসহ জরুরি সেবাগুলোর নির্বিঘ্নে প্রাপ্যতা সম্পর্কিত তথ্যও তুলে ধরা হবে। এছাড়াও, নতুন পরিবেশে মানসিক স্বাস্থ্য এবং মনোসামাজিক সহায়তার তথ্যও প্রদান করা হবে, যাতে ব্যক্তি এবং পরিবার তাদের নতুন পরিবেশে সহজে মানিয়ে নিতে পারে।

The target population of these awareness-raising messages will be the community members residing in high landslide-risk areas inside the Rohingya refugee camps. Humanitarian agencies, Site Management Support (SMS) teams, local/religious leaders, and Protection teams will also be key stakeholders, as they

play a vital role in facilitating the relocation and ensuring the safety and well-being of the affected population.

এই সচেতনতা বৃদ্ধির বার্তাগুলির প্রাথমিক ব্যবহারকারীরা হবেন রোহিঙ্গা শরণার্থী শিবিরের অভ্যন্তরে উচ্চ ভূমিধসের ঝুঁকিপূর্ণ এলাকায় বসবাসকারী সম্প্রদায়ের সদস্যরা। মানবিক সংস্থা, সাইট ম্যানেজমেন্ট সহায়তা দল, স্থানীয়/ধর্মীয় নেতা এবং সুরক্ষা খাতের দলগুলিও মূল অংশীদার হবে, কারণ তারা স্থানান্তরকে সহজতর করতে এবং ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠীর নিরাপত্তা ও কল্যাণ নিশ্চিত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

Community Messages

Relocation Needs (স্থানান্তরের প্রয়োজন):

- Relocation refers to the coordinated movement of refugees from one location to another within a camp or to a different camp. The whole process is facilitated by humanitarian agencies to ensure the safety and well-being of individuals and families, particularly those living in high-risk areas or with specific needs.
- স্থানান্তর বলতে শরণার্থীদের এক স্থান থেকে অন্য স্থানে একই ক্যাম্পের মধ্যে অথবা অন্য ক্যাম্পে সমন্বিতভাবে গমন করা বোঝায়। এই পুরো প্রক্রিয়াটি মানবিক সহায়তা প্রদানকারী সংস্থাগুলোর মাধ্যমে পরিচালিত হয়, যাতে ব্যক্তি ও পরিবারের নিরাপত্তা এবং কল্যাণ নিশ্চিত করা যায়, বিশেষ করে যারা ঝুঁকিপূর্ণ এলাকায় বসবাস করছে বা যাদের বিশেষ চাহিদা রয়েছে।
- If your shelter is in a high landslide risk area, relocation is crucial to protect lives and ensure the safety of you and your family. In some cases, minimizing landslide risk is not feasible, making relocation necessary to prevent potential or future harm.
- আপনার আশ্রয়স্থল যদি ভূমিধসের উচ্চ ঝুঁকিপূর্ণ এলাকায় থাকে, তাহলে জীবনের সুরক্ষা ও আপনার এবং আপনার এবং পরিবারের নিরাপত্তা নিশ্চিত করার জন্য স্থানান্তর অত্যন্ত জরুরি। কিছু ক্ষেত্রে ভূমিধসের ঝুঁকি কমানো সম্ভব হয় না, তাই ভবিষ্যৎ ক্ষতি বা বিপদ রোধে স্থানান্তর করা প্রয়োজনীয় হয়ে ওঠে।
- Moving to a safer location reduces the risk of losing your lives, home, belongings, or livelihood. It is difficult to leave your home and your neighbors, however the safety of you and your family members is more important. The relocation ensures a safe environment for you and your family, allowing you to live without constant fear of landslides.
- নিরাপদ স্থানে চলে যাওয়া জীবনের ঝুঁকি, ঘরবাড়ি, সম্পদ বা জীবিকার ক্ষতি কমাতে সহায়তা করে। নিজের ঘর এবং প্রতিবেশীদের ছেড়ে যাওয়া কষ্টকর হলেও, আপনার এবং আপনার পরিবারের নিরাপত্তা আরও বেশি গুরুত্বপূর্ণ। স্থানান্তরের মাধ্যমে আপনি এবং আপনার পরিবার একটি নিরাপদ পরিবেশে বসবাসের সুযোগ পাবেন, যেখানে আপনাদের ক্রমাগত ভূমিধসের ভয় ছাড়াই জীবন যাপন করা সম্ভব হবে।
- If anyone has security concerns, requires shelter closer to relatives, or faces other significant challenges, you can request relocation. However, the relocation is prioritized for those who live in high-risk areas.
- যদি কারও নিরাপত্তার বিষয়ে উদ্বেগ থাকে, আত্মীয়দের কাছাকাছি আশ্রয়ের প্রয়োজন হয়, অথবা অন্যান্য উল্লেখযোগ্য চ্যালেঞ্জের সম্মুখীন হয়, তাহলে আপনি স্থানান্তরের জন্য অনুরোধ করতে পারেন। তবে, উচ্চ ঝুঁকিপূর্ণ এলাকায় বসবাসকারীদের অগ্রাধিকার দেওয়া হয় স্থানান্তরের জন্য।
- Relocating with the support of Site Management Support (SMS) will help ensure that you have a safer and more stable shelter.
- সাইট ম্যানেজমেন্ট সাপোর্ট (এসএমএস) এর সহায়তায় স্থানান্তরিত হলে আপনার জন্য একটি নিরাপদ এবং আরও স্থিতিশীল আশ্রয়স্থল নিশ্চিত করা সম্ভব হবে।

Landslide Risk (ভূমিধসের ঝুঁকি):

- Landslides are dangerous, especially in hilly areas like the camps. Landslides are more likely to occur on steep slopes with loose soils, where trees are removed, and they usually occur following rainfall. It is important to stay away from vulnerable/steep hill slopes most prone to landslides by not building shelters on the slopes or at the foot of the hills.
- ভূমিধস বিপজ্জনক, বিশেষ করে পাহাড়ি এলাকায় যেমন ক্যাম্প। ভূমিধস সাধারণত বেশি ঘটে ঢালু স্থানগুলোতে, যেখানে মাটি ঢিলে এবং গাছপালা কেটে ফেলা হয়, এবং এটি সাধারণত কয়েকবার বৃষ্টিপাতের পর ঘটে।
- The area that you are living in is at very high risk of landslides because of the following indications:
- আপনি যে এলাকায় বাস করছেন সেখানে ভূমিধসের ঝুঁকি খুবই বেশি নিম্নলিখিত লক্ষণগুলোর কারণে:
 - If your shelter is closer, both top and bottom, to the steep slope,
 - যদি আপনার আশ্রয়স্থলটি খাড়া ঢালের কাছাকাছি হয়, উপরে এবং নীচে উভয় দিকেই
 - Appearance/growth of large cracks in hillsides,
 - পাহাড়ের ঢালে বড় ফাটল দেখা/বৃদ্ধি,
 - Appearance of cracks on the floor of your shelter,
 - আপনার আশ্রয়স্থলের মেঝেতে ফাটল দেখা,
 - Partial collapse of shelters / shelter leaning down,
 - আশ্রয়স্থলের আংশিক ধস/আশ্রয়স্থল নীচে হেলে পড়া,
 - Trees, bamboo poles and latrines at odd angles,
 - গাছ, বাঁশের খুঁটি এবং ল্যাট্রিন অস্বাভাবিক হেলে থাকা
 - Excavation at the base of the slope,
 - ঢালের গোড়ায় খনন
 - No slope retention wall to support the hill.
 - পাহাড়কে সমর্থন করার জন্য কোনও ঢাল ধরে রাখার প্রাচীর নেই।
- Due to heavy monsoon rain that triggered landslides, many people have lost their lives for not moving to a safer location. Since 2017, 33 people living in high landslide risk areas were killed and several others injured. In 2024 alone, 11 people lost their lives due to landslides. টানা বর্ষণের ফলে সৃষ্ট ভূমিধসে অনেক মানুষ নিরাপদ স্থানে না যাওয়ার কারণে প্রাণ হারিয়েছেন। ২০১৭ সাল থেকে এখন পর্যন্ত ভূমিধসের উচ্চ ঝুঁকিপূর্ণ এলাকায় বসবাসরত ৩৩ জন নিহত হয়েছেন এবং আরও অনেকে আহত হয়েছেন। শুধু ২০২৪ সালেই ভূমিধসে ১১ জনের মৃত্যু হয়েছে।

Shelter Availability (আশ্রয়স্থলের প্রাপ্যতা):

- The camps are highly congested and there are not many available empty plots and shelters to relocate all the families at risk of landslides. It is therefore important to prioritize the families who have shelters in very high-risk areas. ক্যাম্পগুলিতে অত্যন্ত ঘনবসতিপূর্ণ এবং ভূমিধসের ঝুঁকিতে থাকা সমস্ত পরিবারকে স্থানান্তর করার জন্য পর্যাপ্ত পরিমাণ খালি প্লট এবং আশ্রয়কেন্দ্র নেই। তাই খুব উচ্চ ঝুঁকিপূর্ণ এলাকায় বসবাস করছে এমন পরিবারগুলিকে অগ্রাধিকার দেওয়া গুরুত্বপূর্ণ।
- Internal relocation within the camps and blocks is not possible due to lack of space. স্থানের অভাবে ক্যাম্প এবং ব্লকের মধ্যে অভ্যন্তরীণ স্থানান্তর সম্ভব নয়।
- There are empty shelters available in Camp 20/20 Extension with basic facilities such as WASH, temporarily learning centers, Solar Street Lights (SSL), and Lime Stabilized Soil Shelters (LSSS) approved as a Safer Shelter Model by the Government of Bangladesh. If the families agree, the Camp in Charge (CiC) office and SMS agency will support relocations.

ক্যাম্প ২০/২০ই-তে থালি আশ্রয়কেন্দ্র রয়েছে যেখানে ওয়াশ ফেসিলিটি (গোসলখানা, ল্যাট্রিন, অন্যান্য), টেম্পোরারি লার্নিং সেন্টার, সোলার স্ট্রিট লাইট সহ লাইম স্ট্যাবিলাইজড সয়েল শেল্টার (এলএলএস শেল্টার), যা বাংলাদেশ সরকার কর্তৃক নিরাপদ আশ্রয়স্থল হিসাবে অনুমোদিত, এর মতো মৌলিক সুবিধা রয়েছে। যদি পরিবারগুলি সম্মত হয়, তাহলে ক্যাম্প ইন চার্জ (CiC) অফিস এবং এসএমএস স্থানান্তর প্রক্রিয়াতে সাহায্যে করবে।

- SMS will advocate for a family sized above 6 members to receive two shelters as we understand that it is difficult to fit a big family within one shelter. The allocation of the shelters will be done with approval of the CiC.

এসএমএস ৬ সদস্যের বেশি একটি পরিবারকে দুটি আশ্রয়কেন্দ্র পেতে সহায়তা করবে কারণ আমরা বুঝতে পারি যে একটি আশ্রয়কেন্দ্রের মধ্যে একটি বড় পরিবারের বসবাস করা কঠিন। আশ্রয়কেন্দ্র বরাদ্দ সিআইসি-এর অনুমোদন নিয়ে করা হবে।

Relocation Support (স্থানান্তর সহায়তা):

Go and See Visit (যান এবং দেখুন পরিদর্শন)

- SMS will facilitate the “go and see visit” for the families to decide the location of the new shelters. During the visit, SMS will accompany you to show available plots in the designated relocation area where your shelter will be built or directly assigned if it is already built. You will be provided with transportation support and CiC approval for the visit.
- এসএমএস পরিবারগুলিকে আশ্রয়কেন্দ্রের অবস্থান নির্ধারণের জন্য “যাও এবং পরিদর্শন কর”-কে সহজতর করবে। পরিদর্শনের সময়, এসএমএস আপনাকে নির্ধারিত স্থানান্তর এলাকায় উপলব্ধ প্লটগুলি দেখাবে যেখানে আপনার আশ্রয় তৈরি করা হবে অথবা যদি এটি ইতিমধ্যেই নির্মিত হয় তবে সরাসরি বরাদ্দ করা হবে। পরিদর্শনের জন্য আপনাকে পরিবহন সহায়তা এবং সিআইসির অনুমোদন প্রদান করা হবে।
- You can speak to the current residents or with those who have already relocated to the designated area or camp to understand the situation of the new location. You can also speak to community leaders, officials from the CiC office, SMS and Protection team.
- নতুন স্থানের পরিস্থিতি বুঝতে আপনি বাসিন্দাদের সাথে বা যারা ইতিমধ্যেই নির্ধারিত এলাকা বা ক্যাম্পে স্থানান্তরিত হয়েছেন তাদের সাথে কথা বলতে পারেন। আপনি সমাজের সম্মানিত ব্যক্তি, সিআইসি অফিসের কর্মকর্তা, এসএমএস এবং প্রটেকশন দলের সাথেও কথা বলতে পারেন।
- You can express your feedback on the new location to the SMS team who will try to incorporate your preferences as much as possible and where feasible.
- আপনি নতুন স্থান সম্পর্কে আপনার প্রতিক্রিয়া এসএমএস টিমের কাছে জানাতে পারেন যারা যতটা সম্ভব এবং যেখানে সম্ভব আপনার পছন্দগুলি অন্তর্ভুক্ত করার চেষ্টা করবে।

Before Relocation (স্থানান্তরের আগে)

- SMS will provide information about the new location, available services, and date of movement. SMS will coordinate with partners to complete any pending actions required for your new shelter.
- এসএমএস নতুন অবস্থান, উপলব্ধ পরিষেবা এবং স্থানান্তরের তারিখ সম্পর্কে তথ্য সরবরাহ করবে। আপনার নতুন আশ্রয়ের জন্য প্রয়োজনীয় যেকোনো মূলতুবি পদক্ষেপ সম্পন্ন করার জন্য এসএমএস অংশীদারদের সাথে সমন্বয় করবে।
- Upon the approval of CiC, the SMS and Protection team will facilitate the relocation document.
- সিআইসির অনুমোদনের পর, এসএমএস এবং প্রটেকশন দল স্থানান্তর নথিটি সহজতর করবে।

- SMS will arrange transport support for relocation to a different camp. Porters will be arranged to carry the belongings to the new location.
- এসএমএস অন্য ক্যাম্পে স্থানান্তরের জন্য পরিবহন সহায়তার ব্যবস্থা করবে। নতুন স্থানে জিনিসপত্র বহন করার জন্য পোর্টারদের ব্যবস্থা করা হবে।
- Should you want to relocate as a group, this can be arranged by SM in coordination with the CiC according to the number of people and shelter availability.
- আপনারা যদি দলগতভাবে স্থানান্তর হতে চান, তাহলে সদস্যদের সংখ্যা ও আশ্রয়স্থলের প্রাপ্যতা অনুযায়ী, সাইট ম্যানেজমেন্ট সিআইসি-এর সাথে সমন্বয় করে এটি ব্যবস্থা করতে পারবে।

Relocation Support (স্থানান্তর সহায়তা):

During Relocation (স্থানান্তরের সময়)

- The SMS and Protection team will accompany you and your family members during the movement.
- স্থানান্তরের সময় এসএমএস এবং প্রটেকশন দল আপনার এবং আপনার পরিবারের সদস্যদের সাথে থাকবে।
- The SMS will provide porters to dismantle your shelters and carry the belongings during relocation. Transportation support will also be provided during relocation.
- এসএমএস আপনার আশ্রয়কেন্দ্রগুলি ভেঙে ফেলার এবং স্থানান্তরের সময় জিনিসপত্র বহন করার জন্য পোর্টারদের সরবরাহ করবে। স্থানান্তরের সময় পরিবহন সহায়তাও প্রদান করা হবে।
- The SMS team will allocate the shelter and ensure that you are provided with the shelter in the preferred location that was agreed in advance.
- এসএমএস দল আশ্রয়কেন্দ্র বরাদ্দ করবে এবং আপনি আগে থেকে যেই পছন্দের স্থানে সম্মতি দিয়েছেন, সেখানে যেন আপনাকে আশ্রয়কেন্দ্র প্রদান করা হয় তা নিশ্চিত করবে।
- Persons with Disabilities (PwDs) or Extremely Vulnerable Individuals (EVI) households will be provided with porter support to move them to a new location.
- প্রতিবন্ধী ব্যক্তি (পিডব্লিউডি) বা ইভিআই (অত্যন্ত ঝুঁকিপূর্ণ ব্যক্তি) পরিবারগুলিকে নতুন স্থানে স্থানান্তর করার জন্য পোর্টার সহায়তা প্রদান করা হবে।

After Relocation (স্থানান্তরের পরে)

- The SMS and other humanitarian agencies or actors in your relocated camp will continue to support you in the same ways as before.
- আপনার স্থানান্তরিত ক্যাম্পে এসএমএস এবং অন্যান্য মানবিক সংস্থা বা কর্মীরা আগের মতোই আপনাকে সহায়তা করতে থাকবে।
- SM will ensure essential services such as food, LPG, health and others continue to be available after relocation. Distribution will be adjusted accordingly.
- স্থানান্তরের পরেও খাদ্য, এলপিগি, স্বাস্থ্য এবং অন্যান্য প্রয়োজনীয় পরিষেবাগুলি অব্যাহত থাকবে তা নিশ্চিত করবে এসএমএস। সেই অনুযায়ী বিতরণ সমন্বয় করা হবে।
- The SMS team will inform the Registration team about the relocation and advocate to update the registration document.
- এসএমএস টিম স্থানান্তর সম্পর্কে নিবন্ধন টিমকে অবহিত করবে এবং নিবন্ধন নথি আপডেট করার জন্য পরামর্শ দেবে।
- স্থানান্তরের পরে যদি আপনি কোনও সমস্যার সম্মুখীন হন, তাহলে সহায়তার জন্য আপনি এসএমএস টিম বা নিকটতম এফআইসি ডেস্কে যোগাযোগ করতে পারেন।

- এই পরিস্থিতির সাথে খাপ খাইয়ে নিতে আপনাকে সাহায্য করার জন্য মানসিক স্বাস্থ্য এবং মনোসামাজিক সহায়তা (এমএইচপিএসএস) উপলব্ধ। আপনি ০১৬৪৭৩৫১৭৮৭ নম্বরে আইওএম এমএইচপিএসএস হেল্পলাইনে যোগাযোগ করতে পারেন। একবার আপনি কল করলে, ফোন অপারেটর আপনাকে তৎক্ষণিকভাবে কল করতে ভুলবেন না।

Benefits of relocating to new area/camp (নতুন এলাকা/ক্যাম্পে স্বৈচ্ছায় স্থানান্তরের সুবিধা):

- The family will remain safe from landslides.
- আপনার পরিবার ভূমিক্ষস থেকে নিরাপদ থাকবে।
- The families will receive new shelters in the new area.
- পরিবারগুলি নতুন এলাকায় নতুন আশ্রয়কেন্দ্র পাবে।
- The head of the household will get the opportunity to work continuously with IOM Site Development for 3 months through Cash for Work (CfW).
- পরিবারের প্রধান ৩ মাস ধরে আইওএম সাইট ডেভেলপমেন্টের সাথে একটানা কাজ করার সুযোগ পাবেন।
- The relocated family will be advocated to be enrolled in Skill Development opportunities available in Site Development, DRR (Disaster Risk Reduction), and Shelter programs and activities.
- স্থানান্তরিত পরিবারকে সাইট ডেভেলপমেন্ট, ডিআরআর এবং আশ্রয়কেন্দ্রে উপলব্ধ দক্ষতা উন্নয়নের সুযোগগুলিতে তালিকাভুক্ত হওয়ার জন্য সুযোগ দেওয়া হবে।

Confidentiality and Refugee Rights (গোপনীয়তা এবং শরণার্থী অধিকার)

- All relocations are voluntary, and no one will be forced to relocate. SMS will discuss the process with you before any final decisions are made. SMS will ensure the relocation is conducted safely and efficiently with assistance provided to households in need.
- সমস্ত স্থানান্তর স্বৈচ্ছায় হবে, এবং কাউকে স্থানান্তর করতে বাধ্য করা হবে না। চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়ার আগে এসএমএস আপনার সাথে প্রক্রিয়াটি নিয়ে আলোচনা করবে। এসএমএস নিশ্চিত করবে যে স্থানান্তর নিরাপদে এবং দক্ষতার সাথে সম্পন্ন হয়েছে এবং প্রয়োজনে পরিবারগুলিকে সহায়তা প্রদান করা হচ্ছে।
- Mental Health and Psychosocial Support (MHPSS) options are available to help you adapt to this situation. You may contact the IOM MHPSS helpline at 01847351787. Once you place the call, the phone operator will make sure to call you back promptly so that you do not incur any charges.
এই পরিস্থিতির সাথে মানিয়ে নিতে সহায়তা করার জন্য মানসিক স্বাস্থ্য ও মনোসামাজিক সহায়তা (এমএইচপিএসএস) সেবাগুলো উপলব্ধ রয়েছে। আপনি আইওএম-এর এমএইচপিএসএস হেল্পলাইনে ০১৬৪৭৩৫১৭৮৭ নম্বরে যোগাযোগ করতে পারেন। আপনি কল করলেই, অপারেটর আপনাকে দ্রুত ফেরত কল করবেন যাতে আপনার কোনও খরচ না হয়।
- You have the right to ask any questions and receive information and assistance before, during, and after the relocation process.
স্থানান্তর প্রক্রিয়ার আগে, সময় এবং পরে আপনার যেকোনো প্রশ্ন জিজ্ঞাসা করার এবং তথ্য পাওয়ার অধিকার রয়েছে।
- If you face challenges or concerns related to relocation, you can reach out to the SMS team by visiting the SMS office/hub or contacting any of their staff and volunteers, visit the nearest FIC (Feedback and Information Center) Desk, or speak to the mobile CFM team whenever they visit your block at any time.

যদি আপনি স্থানান্তর সম্পর্কিত কোনো উদ্বেগ/জিজ্ঞাসা অনুভব করেন, তবে আপনি এসএমএস টিমের সাথে যোগাযোগ করতে পারেন - এসএমএস অফিস/হাব পরিদর্শন করে, তাদের কোনো স্টাফ এবং স্বেচ্ছাসেবীর সাথে যোগাযোগ করে, নিকটস্থ এফআইসি ডেস্ক পরিদর্শন করে, অথবা মোবাইল সিএফএম টিমের সাথে কথা বলে যখনই তারা আপনার ব্লক পরিদর্শন করবে।

- Personal data collected during relocation will be handled confidentially and shared only with relevant partners responsible for assisting you.
স্থানান্তরের সময় সংগৃহীত ব্যক্তিগত তথ্য গোপনীয়ভাবে পরিচালনা করা হবে এবং শুধুমাত্র আপনাকে সহায়তা করার জন্য দায়ী প্রাসঙ্গিক অংশীদারদের সাথে ভাগ করা হবে।
- Vulnerable persons—such as persons with disabilities, elderly, single parents, chronically ill, women, and child-headed households—will receive prioritized support to ensure their specific needs are met.
ঝুঁকিপূর্ণ ব্যক্তিরা—যেমন প্রতিবন্ধী ব্যক্তি, বয়স্ক, একক অভিভাবক, দীর্ঘস্থায়ী অসুস্থ, নারী এবং শিশু-প্রধান পরিবার—তাদের নির্দিষ্ট চাহিদা পূরণ নিশ্চিত করার জন্য অগ্রাধিকারমূলক সহায়তা পাবেন।
- Always remember that all humanitarian aid is free of cost or charge. Anyone working or volunteering in the camps cannot demand money, favours or sexual/ inappropriate relationships in exchange for any assistance or services you receive. If you face anything like this, you must report this to the nearest Community Feedback Mechanism (CFM), safe space, or Protection team. You can also call the UNHCR Helpline (16670), or send an email to: pseabangladesh@un.org.
- সর্বদা মনে রাখবেন যে সমস্ত মানবিক সাহায্য বিনামূল্যে প্রদান করা হয়। ক্যাম্পে কর্মরত বা স্বেচ্ছাসেবক যে কেউ আপনার কাছ থেকে প্রাপ্ত কোনও সহায়তা বা পরিষেবার বিনিময়ে অর্থ, অনুগ্রহ বা যৌন/অনুপযুক্ত সম্পর্ক দাবি করতে পারবেন না। যদি আপনি এই ধরনের কোনও কিছুই সম্মুখীন হন, তাহলে আপনাকে অবশ্যই নিকটতম অভিযোগ প্রতিক্রিয়া এবং প্রতিক্রিয়া ব্যবস্থা (সিএফএম) চ্যানেল বা নিকটতম নিরাপদ স্থানে রিপোর্ট করতে হবে। আপনি ইউএনএইচসিআর হেল্পলাইনে (১৬৬৭০) কল করতে পারেন, অথবা pseabangladesh@un.org ঠিকানায় একটি ইমেল পাঠাতে পারেন।